

**বাপেক্স কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের ২৩ সেপ্টেম্বর, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত বাস্তব ও আর্থিক অগ্রগতি**

লক্ষ টাকা

ক্রঃ নং	প্রকল্পের নাম ও মেয়াদকাল	২০১৯-২০ অর্থবছরে বরাদ্দ	২০১৯-২০ অর্থবছরে আর্থিক অগ্রগতি	ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি	ক্রমপুঞ্জিত বাস্তব অগ্রগতি
১	৩-ডি সাইসমিক প্রজেক্ট অব বাপেক্স ( ২য় সংশোধিত) (০১-১২-২০১২ হতে ৩০-১১-২০১৯ ) <ul style="list-style-type: none"> <li>প্রকল্পের লক্ষ্যমাত্রা ২৭০০ বর্গকি.মি. নির্ধারিত রয়েছে।</li> <li>২০১৯-২০ মাঠ মৌসুমে সেমুতাং গ্যাস ক্ষেত্র এলাকায় ২০০ বর্গ কি. মি. এলাকার উপাত্ত সংগ্রহের পরিকল্পনা রয়েছে, এর মধ্যে জুলাই, ২০১৯ মাসে ৪০ বর্গ কি. মি. উপাত্ত সংগৃহীত হয়েছে। <b>বর্ষা মৌসুমের কারণে আগষ্ট মাসে কোন উপাত্ত সংগৃহীত হয় নাই।</b></li> </ul>	৭০০.০০ (২০০.০০)	৩.০০ (০.৪৩%)	৯১.৬১%	৯৪.০৭%
২	রূপকল্প ১ খনন প্রকল্পঃ ২টি অনুসন্ধান কূপ (শ্রীকাইল ইষ্ট-১ ও সালদা নর্থ-১) ( ২য় সংশোধিত) (০১-০৭-২০১৬ হতে ৩০-০৬-২০২০) <b>সালদা নর্থ-১:</b> <ul style="list-style-type: none"> <li>প্রকল্পের আওতায় অক্টোবর ২০১৮ তে খনন সম্পন্ন হয়েছে। গ্যাসের অস্তিত্ব পাওয়া গেছে। তবে বানিজ্যিকভাবে উত্তোলনযোগ্য গ্যাস পাওয়া যায় নাই।</li> <li><b>শ্রীকাইল ইষ্ট-১:</b> <ul style="list-style-type: none"> <li>প্রকল্প এলাকায় রিগ বিল্ডিং এবং গোডাউন, অস্থায়ী শ্রমিক শেড ও আনসার শেড নির্মাণের কাজ শেষ হয়েছে।</li> <li>ওয়্যার লাইন ও সিঙ্ক লাইন লগিং, ডিএসটি সম্পর্কিত তৃতীয়পক্ষীয় সেবার চুক্তি স্বাক্ষরিত হয়েছে।</li> <li>অক্টোবর ২০১৯ এ খনন শুরু হবে বলে আশা করা যায়।</li> </ul> </li> </ul>	৩,০০০.০০ (১০৩৭.০০)	২৫.৩৮ (০.৮৫%)	৬৬.৪৯%	৭০%
৩	রূপকল্প ২ খনন প্রকল্পঃ ২টি অনুসন্ধান কূপ (সেমুতাং-দক্ষিণ-১, জকিগঞ্জ-১) (১ম সংশোধিত) ০১-০৭-২০১৬ হতে ৩০-০৬-২০২০ <b>সেমুতাং-দক্ষিণ-১:</b> <ul style="list-style-type: none"> <li>প্রকল্পের আওতায় খনন সম্পন্ন হয়েছে। তবে বানিজ্যিকভাবে উত্তোলনযোগ্য গ্যাস পাওয়া যায় নাই।</li> <li><b>জকিগঞ্জ-১:</b> <ul style="list-style-type: none"> <li>ভূমি উন্নয়ন কার্যক্রম চলমান আছে।</li> <li>পূর্ত কাজের ১ টি দরপত্রের কার্যাদেশ শীঘ্রই প্রদান করা হবে।</li> <li>পূর্ত কাজসহ খনন মালামাল সংগ্রহের লক্ষ্যে ৩টি সিসিজিপি এর অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে অনুমোদনের অপেক্ষায় আছে।</li> <li>বৈদেশিক মালামাল ক্রয় ও তৃতীয় পক্ষীয় সেবা ক্রয় কার্যক্রম চলমান রয়েছে।</li> <li>ZJ50DBS রিগ দ্বারা সিলেট গ্যাস ফিল্ডের সিলেট-৯ কূপ খনন করে উক্ত রিগ দ্বারা জকিগঞ্জ-১ কূপ খনন করা হবে।</li> </ul> </li> </ul>	১,৮৫০.০০ (১০৬৪.০০)	০.০০ (০.০%)	৬০%	৬৭%
৪	রূপকল্প ৩ খনন প্রকল্পঃ ৪টি অনুসন্ধান কূপ (কসবা-১, মাদারগঞ্জ-১) (১ম সংশোধিত) ০১-০৭-২০১৬ হতে ৩০-১২-২০১৯ <b>কসবা-১:</b> <ul style="list-style-type: none"> <li>প্রকল্পের আওতায় খনন সম্পন্ন হয়েছে। গ্যাসের অস্তিত্ব পাওয়া গেছে। তবে বানিজ্যিকভাবে উত্তোলনযোগ্য গ্যাস পাওয়া যায় নাই।</li> <li><b>মাদারগঞ্জ-১:</b> (SOCAR-AQS এর মাধ্যমে টার্ন-কী ভিত্তিতে খনন চুক্তি স্বাক্ষরিত হয়) <ul style="list-style-type: none"> <li>জমি অধিগ্রহণ, রাস্তা নির্মাণ ও ভূমি উন্নয়ন কাজ সম্পন্ন হয়েছে।</li> <li>সকার কর্তৃক Termination Letter প্রদান করায় মন্ত্রণালয় কর্তৃক কার্যক্রম সমাপ্ত রেখে প্রকল্প সমাপ্তে সিদ্ধান্ত গৃহীত হয়।</li> </ul> </li> </ul>	১১৬.০০	০.০০ (০.০%)	৩৬.১৯%	১০০%
৫	রূপকল্প-৫ খনন প্রকল্পঃ ১টি মূল্যায়ন কাম উন্নয়ন কূপ (বেগমগঞ্জ-৪) এবং ১টি ওয়ার্কওভার (বেগমগঞ্জ-৩) (১ম সংশোধিত) ০১-০৪-২০১৭ হতে ৩০-০৬-২০১৯ <b>বেগমগঞ্জ-৩:</b> ওয়ার্কওভার সম্পন্ন হয়েছে। বর্তমানে দৈনিক ৬.২ এমএমসিএফডি গ্যাস বাখরাবাদ সরবরাহ লাইনে বিতরণ চলছে। <b>বেগমগঞ্জ-৪:</b> (SOCAR-AQS এর মাধ্যমে টার্ন-কী ভিত্তিতে খনন হবে) <ul style="list-style-type: none"> <li>ভূমি অধিগ্রহণ, জমি ভরাট ও সংযোগ সড়ক ভরাট, প্রশস্তকরণ ও উন্নয়ন কাজ সম্পন্ন হয়েছে। বেগমগঞ্জ-৪ কূপ এলাকায় রিগ শিফটিং কার্যক্রম সম্পন্ন।</li> <li>সকার কর্তৃক Termination Letter প্রদান করায় মন্ত্রণালয় কর্তৃক কার্যক্রম সমাপ্ত রেখে প্রকল্প সমাপ্তে সিদ্ধান্ত গৃহীত হয়।</li> </ul>	১৩,৪৬৭.০০	০.০০ (০.০%)	১৩.৬৩%	১০০%
৬	রূপকল্প ৯: ২ডি সাইসমিক প্রকল্প ০১-০৪-২০১৭ হতে ৩০-০৬-২০১৯ <ul style="list-style-type: none"> <li>প্রকল্পের আওতায় চলতি ২০১৯-২০ মাঠ মৌসুমে জুন, ২০২০ পর্যন্ত ৬৩০ লাইন কিঃমিঃ উপাত্ত সংগ্রহের লক্ষ্যমাত্রা নির্ধারিত হয়েছে। প্রকল্পের মেয়াদ জুন, ২০১৯ মাসে শেষ হয়ে যাওয়ায় প্রকল্পের মেয়াদ বৃদ্ধির জন্য ডিপিপি সংশোধন করে গেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে।</li> </ul>	১৪০০.০০ (৮০০.০০)	০.০০ (০.০%)	৬০.৪৬%	১০০%

**উন্নয়ন কুপ : সিলেট-৯ (বাপেক্স কর্তৃক খননকৃত):**

বিজয়-১২ রিগ দ্বারা খনন কাজ শুরু হবে। এসজিএফএল কর্তৃক বর্তমানে ক্রয় কার্যক্রম চলমান রয়েছে। ক্রয় এবং আনুসঙ্গিক কার্যক্রম সম্পন্ন হলে বাপেক্স কর্তৃক জানুয়ারী ২০২০ সালে খনন শুরু হবে বলে আশা করা যায়।

**ওয়ার্কওভার কুপ :**

**তিতাস-৯:**

তিতাস-৯ -এ নরসিংদি হতে বিজয়-১১ রিগ স্থানান্তর করা হবে। বর্ষাকাল হওয়ায় বৃষ্টির কারণে পানি জমে যাওয়ায় রিগ স্থানান্তর বিলম্বিত হচ্ছে। বৃষ্টির ব্যপকতা কমানোর পর রিগ স্থানান্তরের কাজ চলবে।

**তিতাস-১৩:**

তিতাস-১৩ -এ রিগ বিল্ডিং সম্পন্ন হয়েছে। কমিশনিং চলছে।